

# বাংলাদেশ



# গেজেট

## কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৯, ২০১৯

### সূচিপত্র

পৃষ্ঠা নং

১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবন্দন প্রজ্ঞাপনসমূহ।

২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ।

৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি।

৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাস্ট, বিল ইত্যাদি

৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধ্যন্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।

পৃষ্ঠা নং	পৃষ্ঠা নং
৮৪১—৮৫১	৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধ্যন্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবন্দন ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ।
৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিয়োগে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।	নাই
১৩৯৩—১৪০৩	ক্রেডিপত্র—সংখ্যা
(১) . . . . .	সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী।
(২) . . . . .	বৎসরের জন্য বাংলাদেশের শিল্প চূড়ান্ত আনন্দানিক হিসাব।
৩১৩—৩২৮	(৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনন্দানিক হিসাব।
৪৯—৭৯	(৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চাউলগাঁও উৎপাদনের চূড়ান্ত আনন্দানিক হিসাব।
নাই	(৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাম্ভাব্য পরিসংখ্যান।
৩১৮৯—৩২০৩	(৬) . . . . . তারিখে সমাপ্ত বাংসরিক মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদণ্ডের কর্তৃক প্রকাশিত বাংসরিক গ্রন্থ তালিকা।

### ১ম খণ্ড

#### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবন্দন প্রজ্ঞাপনসমূহ।

জনপ্রশাসন মন্ত্রণালয়  
শৃঙ্খলা-১(১) অধিশাখা

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ০৮ আশ্বিন ১৪২৬/২৩ সেপ্টেম্বর ২০১৯

নং ০৫.১৮০.২৭.০২.০০.০১৩.২০১৮-৫১৯—যেহেতু, বেগম শবনম মোস্তারী (পরিচিতি নং ৬৩৪৬), উপ-ভূমি সংক্ষার কমিশনার (উপসচিব), ভূমি সংক্ষার বোর্ড, ঢাকা-কে ১৯-০৮-২০১০ হতে ১৮-০৮-২০১২ তারিখ পর্যন্ত বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব) হিসেবে কানাডার University of Toronto তে Forestry Economics বিষয়ে পিএইচডি ডিগ্রী করার জন্য ০২ (দুই) বছর অধ্যয়ন ছুটি মঞ্চুর করা হয়। পরবর্তীতে উক্ত কোর্স সম্পন্ন করার জন্য ০৩ (তিনি) বছর ২০ (বিশ) দিন অসাধারণ ছুটি (বিনা বেতনে), ৪ মাস গড় বেতনে অর্জিত (বহিঃবাংলাদেশ) ছুটি এবং ০১(এক) বছর অর্ধগড় বেতনে অর্জিত (বহিঃবাংলাদেশ) ছুটি ভোগ করেও তিনি বর্ণিত ডিগ্রী সম্পন্ন করতে পারেন নি। তিনি উক্ত

বিষয়ে পিএইচডি ডিগ্রী সম্পন্ন করার নিমিত্ত ১৯-০৮-২০১২ হতে ১৮-০৮-২০১৪ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছর বিনা বেতনে অসাধারণ ছুটি গ্রহণ করার পরও কোর্স সম্পন্ন করতে ব্যর্থ হওয়ায় উক্ত কোর্স সম্পন্নের নিমিত্তে শিক্ষা কার্যক্রম শেষে কোর্স সম্পাদনের সার্টিফিকেটসহ আবশ্যিকভাবে প্রতিবেদন দাখিল করার শর্তে মুচলেকা প্রদান করে ২০-০৮-২০১৫ হতে ১৯-০৮-২০১৭ তারিখ পর্যন্ত আরো ০২ (দুই) বছর বিভিন্ন প্রকার ছুটি গ্রহণ করেও ০৪-০৯-২০১৭ তারিখ কানাডা থেকে দেশে প্রত্যাবর্তন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদানকালে বর্ণিত কোর্স সম্পাদনের সার্টিফিকেট দাখিল করতে পারেন নি। তিনি কানাডা থেকে ২০-০৮-২০১৭ তারিখে প্রত্যাবর্তন না করে ১৫ (পনের) দিন পর অর্ধ্য ০৪-০৯-২০১৭ তারিখ দেশে প্রত্যাবর্তন করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদানকালে পিএইচডি থিসিস লেখার কাজ অর্ধেক সমাপ্ত হয়েছে জানিয়ে চাকুরী করার পাশাপাশি বাকী কাজ শেষ করতে আরো এক থেকে দেড় বছর সময় লাগবে মর্যে উল্লেখ করে আবেদন করলে ২০-০৮-২০১৭ হতে ০৩-০৯-২০১৭ তারিখ বিদেশে অবস্থানকালীন

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

সময়কে ভূতাপেক্ষভাবে অসাধারণ ছুটি মঞ্চুর করা হয়। পিএইচডি ডিগ্রি সম্পাদনের বিষয়টি বিবেচনাতে সেপ্টেম্বর, ২০১৮ সময়ের মধ্যে উক্ত ডিগ্রি সম্পন্ন করে তার বৈধ সনদ জমা প্রদান করা এবং বর্ণিত সময়ের মধ্যে উক্ত ডিগ্রি সম্পন্ন করে সনদ দাখিল করতে ব্যর্থ হলে তার বিরুদ্ধে বিধি মোতাবেক শৃঙ্খলামূলক কার্যক্রম গ্রহণ করা হবে এবং শর্তসাপেক্ষে যোগাদানপত্র গ্রহণ করা হয়। কিন্তু তিনি নির্ধারিত সময়ে শর্তানুযায়ী উক্ত কোর্সের সনদ দাখিল করতে পারেন নি বিধায় উক্ত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রঞ্জু করা হয়;

০২। যেহেতু, ৩১-১২-২০১৮ তারিখে ৬১৪ নম্বর স্মারকে উক্ত বিভাগীয় মামলায় তাকে আনীত অভিযোগ বিষয়ে কারণ দর্শাতে বলা হলে তিনি ২১-০১-২০১৯ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন এবং ২১-০৩-২০১৯ তারিখে তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়;

০৩। যেহেতু, বেগম শবনম মোস্তারী-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানির প্রদত্ত বক্তব্য বিবেচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগটি তদন্ত করার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ড. মোঃ হুমায়ুন কবীর (পরিচিতি নং-৫৭৫৩), যুগ্মসচিব (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় ;

০৪। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত প্রতিবেদনে বেগম শবনম মোস্তারী-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় অভিযোগের গুরুত্ব এবং সার্বিক বিষয় পর্যালোচনায় একই বিধিমালার ৮(২)(ক) বিধি অনুসারে তাঁকে “তিরক্ষা” লঘুদণ্ড প্রদান করা হলো ।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

তারিখ : ১৮ আশ্বিন ১৪২৬/০৩ অক্টোবর ২০১৯

নং ০৫.১৪০.২৭.০২.০০.০০৩.২০১৯-৫৪২—জনাব সুরত পাল চৌধুরী (পরিচিতি নম্বর-৫৭৬৬), প্রাক্তন জোনাল সেটেলমেন্ট অফিসার (উপসচিব), সিলেট বর্তমানে প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ১৩-১০-২০১৪ হতে ২৬-০৭-২০১৬ তারিখ পর্যন্ত জোনাল সেটেলমেন্ট অফিসার, সিলেট হিসেবে কর্মকালে সিলেট জোনের সুনামগঞ্জ জেলাধীন জামালগঞ্জ উপজেলার ৫৭ নম্বর পলক মৌজার ৩২৬ নম্বর খতিয়ানের সাবেক ৮৩৫ হাল ১০৬৯ নম্বর দাগের ৩২ শতক ভূমির রেকর্ড সংশোধন সংক্রান্ত বিষয়ে জনেকে জনাব মোঃ রাইছউদ্দীন এর আবেদনের পরিপ্রেক্ষিতে ১৯৫৫ সালের প্রজাপ্তি বিধিমালার ৪২(এ) বিধির আওতায় ২৭৭/১৩ নম্বর বিবিধ মামলা রঞ্জুক্রমে নিষ্পত্তি করেন। উক্ত মামলার প্রতিপক্ষ জনাব মোঃ ফয়জুল নুর মিয়া আফিন্দির নামে ১৯<sup>th</sup> শতক ভূমির পরিবর্তে ৩২ শতক আর্থাৎ ১২ শতক অতিরিক্ত ভূমি বহাল রাখার আদেশ দিয়েছেন মর্মে অভিযোগ আনয়ন করা হয়। উক্ত অভিযোগের ভিত্তিতে মহামান্য রাষ্ট্রপতির সানগুহ অনুমোদনক্রমে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে বিভাগীয় মামলা রঞ্জু করা হয় ;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব সুরত পাল চৌধুরী ১৭-০৭-২০১৯ তারিখে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ২৭-০৮-২০১৯ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানিতে সরকার পক্ষে নথি উপস্থাপনকারী কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণী সমর্থন করে বক্তব্য উপস্থাপন করেন। অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানিতে অভিযোগসমূহ অস্বীকার করে বলেন যে, আবেদনকারীর নালিকী দাগে আর কোন জমি পাওনা নেই বিধায় এবং তর্কিত জমি নিয়ে মাঠ স্তর হতে আপিল স্তর পর্যন্ত, আপত্তি ও আপিল মামলা বিচার নিষ্পত্তির মাধ্যমে প্রণীত রেকর্ড এ Fraud এর Ingredient সংক্রান্ত সুনির্দিষ্ট সাক্ষ্য প্রমাণাদি না পাওয়ায়, তাঁর আদালতে বিবিধ মামলাটি রক্ষণীয় নয় বিধায় ভূমি জরিপের বিধি-বিধানের আলোকে এবং মাননীয় সুপ্রীম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগের নজির ও মহাপ্রিচালক, জরিপ অধিদপ্তরের লিখিত আদেশ আমলে নিয়ে সরল বিষাসে স্বত্ত্ব দখলের ভিত্তিতে মাঠ স্তর হতে প্রণীত রেকর্ড রেকর্ড স্তর প্রাপ্তি রেকর্ড কোনভাবেই The Tenancy Rules, 1955 এর ৩১ নম্বর বিধির আপিল স্তর ভূমি জরিপের রেকর্ড প্রস্তুতের শেষ স্তর। The Tenancy Rules, 1955 এর ৪২(এ) বিধিটি রেকর্ড প্রণয়ন কার্যক্রমের কোন স্তর নয়। Settlement Officer কে কেবলমাত্র Fraudulent রেকর্ড সংশোধনের জন্য ৪২(এ) বিধিতে ক্ষমতা প্রয়োগ করার একত্ত্বায় প্রদান করা হয়েছে। Fraud এর Ingredient ব্যতীত মাঠ স্তর হতে আপিল স্তর পর্যন্ত প্রণীত রেকর্ড কোনভাবেই The Tenancy Rules, 1955 এর ৪২(এ) নম্বর বিধিতে হস্তক্ষেপ করার সুযোগ নেই। অর্থাৎ এ বিবিধ মামলাটি তাঁর আদালতে Maintainable নয় বিধায় তিনি মামলাটির পূর্ব আদেশ বহাল রেখে নিষ্পত্তি করেছেন। তিনি তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তিনি একই বিধিমালার ৭(২)(ক) বিধি অনুযায়ী এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি পাওয়ার যোগ্য মর্মে প্রতীয়মান হয় ; এবং

যেহেতু, শুনানিঅন্তে উক্ত বিভাগীয় মামলার অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ ও অভিযুক্ত সম্পর্কিত প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় জনাব সুরত পাল চৌধুরী-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তিনি একই বিধিমালার ৭(২)(ক) বিধি অনুযায়ী এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি পাওয়ার যোগ্য মর্মে প্রতীয়মান হয় ; এবং

যেহেতু, প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে তাঁকে অব্যাহতি প্রদানের নিমিত্ত মহামান্য রাষ্ট্রপতি সদয় সিদ্ধান্ত প্রদান করেন ;

সেহেতু, জনাব সুরত পাল চৌধুরী (পরিচিতি নম্বর-৫৭৬৬), প্রাক্তন জোনাল সেটেলমেন্ট অফিসার (উপসচিব), সিলেট বর্তমানে প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(২)(ক) বিধি মোতাবেক অব্যাহতি প্রদান করা হলো ।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফয়েজ আহমদ  
সচিব ।

**শৃঙ্খলা-২ শাখা**  
**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ কার্তিক ১৪২৬/১৭ অক্টোবর ২০১৯

নং ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৩.১৮.৫৪৯— যেহেতু, জনাব মুহম্মদ শামীম কিবরিয়া (পরিচিতি নম্বর ১৬৮৩৮), প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), নাজিরপুর, পিরোজপুর হিসেবে ২৭-০৯-২০১৭ হতে ১২-১১-২০১৭ তারিখ পর্যন্ত কর্মকালে তাঁর বিবুদ্ধে ক্ষমতার অপব্যবহার ও বিভিন্ন অনিয়ম-এর অভিযোগ পাওয়া যায়;

০২। যেহেতু, জনেক পক্ষজ কুমার মঙ্গল গং, শ্রীরামকাঠী, নাজিরপুর, পিরোজপুর নাজিরপুর উপজেলার শ্রীরামকাঠী ইউনিয়নের ৬৫ নং বলিবাবলা মৌজার এস. এ. ০৬ নং খতিয়ানের ১৫০/১৫১ নং দাগে ৪.৬০ একর ভূমির রেকর্ডে মালিক থাকা সত্ত্বেও অভিযুক্ত কর্মকর্তা বর্ণিত ভোগ দখলীয় সম্পত্তি খারিজ করার জন্য ০১-০৩-২০১৭ তারিখের ৩৩ (এন)/১৬-১৭, ৩৪ (এন)/১৬-১৭, ৮৮৯ (এন)/১৬-১৭ নামজারি মামলা দায়ের করলে শুনানি ব্যতিরেকে কোন কারণ না জানিয়ে মামলাগুলো না-মঙ্গুর করেন। এছাড়া ৩২৪/ (এন)/১৬-১৭ নং নামজারি মামলার তফসিলভুক্ত সম্পত্তি নাজিরপুর উপজেলার হওয়া সত্ত্বেও ১৯৭১ সালে পুড়িয়ে দেয়া সাতক্ষীরা জেলার তালা উপজেলার ইসলামকাঠী সাব রেজিস্ট্রি অফিসের মাধ্যমে রেজিস্ট্রিকৃত দলিলের ভিত্তিতে উক্ত মামলাভুক্ত ১.৪২ একর সম্পত্তি অসৎ উদ্দেশ্য সাধনের নিমিত্ত পিরোজপুর সদর উপজেলার জনেক আবুল মাল্লান মঞ্চিক এর নামে নামজারি জমাখারিজ অনুমোদন করেন। উক্ত মামলায় ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রস্তাবের সাথে সার্ভেয়ার একমত পোষণ করে মূল দলিল দাখিল সাপেক্ষে অনুমোদন করা যেতে পারে মর্মে সুপারিশ করলেও মূল দলিল যাচাই না করে এবং কোন শুনানি ব্যতিরেকে অনিয়মিতভাবে উক্ত নামজারি মামলাটি মঙ্গুর করার অভিযোগ পাওয়া যায়;

০৩। যেহেতু, উক্ত অপরাধে তাঁর বিবুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর অভিযোগে বিভাগীয় মামলা বুজুপূর্বক ১৫-১১-২০১৮ তারিখের ০৫.০০.০০০০.১৮১.২৭.০০৩.১৮.৪৪৬ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শাতে বলা হয়। তিনি ১০-১২-২০১৮ তারিখ লিখিত জবাব প্রদান করেন এবং তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে ২২-০১-২০১৯ তারিখ ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়;

০৪। যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব মোঃ নুরুল হক (পরিচিতি নং-১৫২৭৩), উপসচিব, সওয়-৫ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়- কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

০৫। যেহেতু, তদন্ত কর্মকর্তা ১৬-০৯-২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৫৪.৯৯.০০৬.১৬.১৪৯ নং স্মারকে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত কর্মকর্তা তাঁর মতামতে উল্লেখ করেছেন তদন্তকালে উপস্থাপিত সাক্ষ্য-প্রমাণাদি পর্যালোচনান্তে প্রতীয়মান হয় যে, অভিযুক্ত কর্মকর্তা জনাব মুহম্মদ শামীম কিবরিয়া (পরিচিতি নম্বর ১৬৮৩৮), প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), নাজিরপুর, পিরোজপুর-এর বিবুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিতে বর্ণিত “অসদাচরণ” এর অভিযোগ প্রমাণিত হয় নি;

০৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানি, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ, তদন্ত প্রতিবেদন, এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিবুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক ‘অসদাচরণ’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় নি;

০৭। সেহেতু, জনাব মুহম্মদ শামীম কিবরিয়া (১৬৮৩৮)-এর বিবুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাঁকে উক্ত বিভাগীয় মামলায় বর্ণিত অভিযোগের দায় হতে একই বিধিমালার বিধি ৭(২)(ক) মোতাবেক অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
 ফয়েজ আহমেদ  
 সচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

আইন ও বিচার বিভাগ  
 বিচার শাখা-৭

আদেশ

তারিখ : ০৯ অক্টোবর ২০১৯ খ্রি:

নং বিচার-৭/২এন ০১/৮৯(অংশ-২)-৩৬৩—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ শামীম ইসলাম, পিতা-মৃত মনসুর রহমান, মাতা-শাহিদা খাতুন, গ্রাম-দক্ষিণ সুন্দর খাতা, ডাকঘর-ডিমলা, উপজেলা-ডিমলা, জেলা-নীলকামারী)। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নীলকামারী জেলার ডিমলা উপজেলার ০২ নং বালাপাড়া ইউনিয়নের ০২,০৩,০৬,০৮ ও ০৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষটি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে। বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
 বুলবুল আহমেদ  
 সিনিয়র সহকারী সচিব।

**বিচার শাখা-৬**  
**আদেশাবলি**

তারিখ : ০৩ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ / ১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নং আর-৬/৭এন-৩৭/২০১৯-৩৯—সরকার নেটোরী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে যশোর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মিতা রহমান, পিতা-মরহুম মোঃ মতিয়ার রহমান- কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নেটোরী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এত দ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিনি) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

- (ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নেটোরীরপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ ৩ তিনি মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন ;
- (খ) ১৯৬৪ সনের নেটোরী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নেটোরীরপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

নং আর-৬/৭এন-৪২/২০১৯-৪০০—সরকার নেটোরী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব শামসুন্নাহ হক, পিতা- মোঃ এনামুল হক- কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নেটোরী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিনি) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল :

- (ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নেটোরীরপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ ৩ তিনি মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন ;
- (খ) ১৯৬৪ সনের নেটোরী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নেটোরীরপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ ফজলে এলাহী ভূইয়া  
উপসচিব (প্রশাসন-২)।

**বন্ধ ও পাট মন্ত্রণালয়**  
**বন্ধ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ/১৬ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

নং ২৪.০০.০০০০.১১৫.২২.০০৫.১৬(অংশ-১)-৩২১—বন্ধ আইন, ২০১৮ (২০১৮ সনের ৩৭ নং আইন) এর ১৪ ধারার ক্ষমতাবলে বায়িং হাউজের নিবন্ধন আবেদনের পদ্ধতি, নিবন্ধন সনদ প্রদান, নিবন্ধন স্থগিত ও নবায়ন ফি নির্ধারণসহ অন্যান্য প্রয়োজনীয় বিষয়াদি নির্ধারণের জন্য বন্ধ ও পাট মন্ত্রণালয় হইতে জারীকৃত ০১-০৮-২০১৯ তারিখের ২৪.০০.০০০০.১১৫.২২.০০৫.১৬ (অংশ-১)- ১১২ এবং ২৪-০৫-২০১৯ তারিখের ২৪.০০.০০০০. ১১৫. ২২.০০৫.১৬(অংশ-১)-১৭৯ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন সরকার নিম্নরূপ সংশোধন আনয়ন করিল, যথা :

প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-২ এর উপ-অনুচ্ছেদ (১)(ছ) এবং ৭ এর উপ-অনুচ্ছেদ ৩ নিম্নরূপভাবে সংশোধন/নির্দেশনা প্রদান করা হইল :

- (১) প্রজ্ঞাপনের অনুচ্ছেদ-২ এর উপ-অনুচ্ছেদ (১)(ছ) অনুযায়ী নিবন্ধনসহ সকল সেবা ফি ট্রেজারি চালানের মাধ্যমে গ্রহণ করা যাবে।
- (২) বায়িং হাউজ নিবন্ধনের সময়সীমা সংক্রান্ত উপ-অনুচ্ছেদ ৭(৩) রহিত (omite) করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ মিজানুর রহমান  
উপসচিব।

**কৃষি মন্ত্রণালয়**

**উপকরণ-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০১ কার্তিক ১৪২৬/১৬ অক্টোবর ২০১৯

নং ১২.০০.০০০০.০২৭.০৬.০০২.০৭-৪৩৫—৩০ জুলাই, ২০১৯ তারিখের ১২.০০.০০০০.০২৭.০৬.০০২.০৭-৩২৬ সংখ্যক প্রজ্ঞাপন আংশিক সংশোধনক্রমে “বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮” (২০১৮ সনের ৩৬ নং আইন) এর ১০ ধারা মোতাবেক বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) এর নিম্নরূপ পরিচালনা বোর্ড গঠন করা হলো :

**সভাপতি**

- (ক) চেয়ারম্যান, বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ)  
সদস্যবৃন্দ
- (খ) জনাব মোঃ সাজ্জাদুল হাসান, উপসচিব, মন্ত্রিপরিষদ  
বিভাগ
- (গ) জনাব মোঃ মিজিনুর রহমান, উপসচিব, পানি সম্পদ  
মন্ত্রণালয়
- (ঘ) জনাব মোঃ হামিদুর রহমান, উপসচিব (আইন), মৎস্য  
ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- (ঙ) উপসচিব (উপকরণ-১), কৃষি মন্ত্রণালয়
- (চ) জেলা প্রশাসক, রাজশাহী  
জেলা প্রশাসক, দিনাজপুর
- (ছ) পুলিশ সুপার, রাজশাহী  
পুলিশ সুপার, দিনাজপুর
- (জ) জ্যেষ্ঠতম প্রকৌশলী, বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ
- (ঝ) বেগম আখতার জাহান, সাবেক সংসদ সদস্য, বাসা নং-  
২৭৯, সেক্টর নং-২, উপশহর, রাজশাহী-৬২০৩।  
জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা চেয়ারম্যান,  
গোদাগাড়ী উপজেলা, জেলা-রাজশাহী, গ্রাম: নজিপুর,  
ডাকঘর: গোসাইদাস, ডাকঘর: গোদাগাড়ী, উপজেলা: গোদাগাড়ী,  
জেলা: রাজশাহী।

জনাব মোঃ আব্দুল গফফার, উপজেলা চেয়ারম্যান,  
পত্তিলা উপজেলা, জেলা-নওগাঁ, গ্রাম: নজিপুর,  
ডাকঘর: নজিপুর, উপজেলা: পত্তিলা, জেলা-নওগাঁ।

**সদস্য-সচিব**

- (ঝ) নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহমুখী উন্নয়ন কর্তৃপক্ষ  
(বিএমডিএ)

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর  
হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ মনিরুজ্জামান  
উপসচিব।

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

শাখা-জামস

## প্রজ্ঞাপসমূহ

তারিখ : ১০ অক্টোবর ২০১৯ খ্রি:

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৫৮.১৮-১৪১—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, রংপুর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা রংপুর জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম ও ঠিকানা	পদবি
০১	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব রোজী রহমান, স্বামী-মোকছেদুর রহমান, প্রবাশ, বাড়ি নং-২০, রোড নং-৩/১, মুসিপাড়া, রংপুর।	চেয়ারম্যান
০২	১০(১)(ঙ)	সমাজসেবক	জনাব মমতাজ বেগম, পিতা-নছীমুদ্দিন, রামরনচন্দ্রী, হাজীরহাট, কোতয়ালী, রংপুর	সদস্য
০৩	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব লতিফা শওকত, স্বামী-মোঃ শওকত আলী, বাড়ি নং-১০, রোড নং-০১, ধাপ. জে এল রোড, রংপুর।	সদস্য
০৪	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব নাজিয়া পারভীন, স্বামী-নবী উল্লাহ পান্না, এন-৪ এন্টারপ্রাইজ, পায়রাচত্তুর, উত্তর গালি, রংপুর।	সদস্য
০৫	১০(১)(ঘ)	শিক্ষিকা	জনাব মনোয়ারা বেগম, স্বামী-মোঃ এনামুল হক মির্জা, বাড়ি নং-৩৭৯, রোড নং-০১, কামাল কাছনা, রংপুর।	সদস্য

২। উপরোক্তিখন্তি সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব রোজী রহমান, স্বামী- মোকছেদুর রহমান, উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১০-১০-২০১৯ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শনো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরা ও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত প্রয়োগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৭৩.১৮-১৪২—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, বরগুনা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা বরগুনা জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম ও ঠিকানা	পদবি
০১	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিসেস হোসনেয়ারা চম্পা, স্বামী-মৃত-আঃ মালেক খান, কলেজ ব্রাঞ্চ রোড, বরগুনা।	চেয়ারম্যান
০২	১০(১)(ঙ)	সমাজসেবক	মিসেস নিগাত সুলতানা আজাদ, স্বামী-মৃত অ্যাড: আবুল কালাম আজাদ, ষাফ কোয়ার্টার রোড, বরগুনা।	সদস্য
০৩	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিসেস ইয়াসমীন কবির, স্বামী: আলহাজ্জ মোঃ জাহাঙ্গীর কবির, হাই স্কুল সড়ক, বরগুনা।	সদস্য
০৪	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিসেস নিলুফা বেগম মেরী, স্বামী: মুসী গোলাম মোস্তফা, নজরুল ইসলাম সড়ক, বরগুনা।	সদস্য
০৫	১০(১)(ঘ)	শিক্ষিকা	মিসেস রেইজিনা লুনা, স্বামী: মোঃ ইকবাল হোসেন, সোনাখালী, বরগুনা।	সদস্য

২। উপরোক্তিখন্তি সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মিসেস হোসনেয়ারা চম্পা, স্বামী- মৃত আঃ মালেক খান, উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১০-১০-২০১৯ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শনো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরা ও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত প্রয়োগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৫২.১৮-১৪৩—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, পঞ্চগড় এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা পঞ্চগড় জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম ও ঠিকানা	পদবি
০১	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব মনিরা পারভীন, স্বামী-আজিজার রহমান, গ্রাম-মিঠাপুর, ডাকঘর-পঞ্চগড়, উপজেলা-পঞ্চগড় সদর, জেলা-পঞ্চগড়।	চেয়ারম্যান
০২	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব হোসনে আরা, স্বামী-আলতাফ হোসেন, গ্রাম-রোশনাবাগ, ডাকঘর-পঞ্চগড়, উপজেলা-পঞ্চগড় সদর, জেলা-পঞ্চগড়।	সদস্য

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণি	নাম ও ঠিকানা	পদবি
০৩	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব শ্রীমতি জয়স্তি দত্ত, স্বামী-মৃত অজীত কুমার দত্ত, গ্রাম জালাসী, ডাকঘর-পঞ্চগড়, উপজেলা-পঞ্চগড় সদর, জেলা-পঞ্চগড়।	সদস্য
০৪	১০(১)(ঘ)	শিক্ষিকা	জনাব বিলকিস বানু, স্বামী-আজাহার আলী, গ্রাম-মসজিদ পাড়া, ডাকঘর-পঞ্চগড়, উপজেলা-পঞ্চগড় সদর, জেলা-পঞ্চগড়।	সদস্য
০৫	১০(১)(ঙ)	সমাজসেবক	জনাব মহচেনা বেগম, পিতা-মৃত খলিনুর রহমান, গ্রাম-কাটালী, ডাকঘর-তড়েয়া, উপজেলা-আটোয়ারী, জেলা-পঞ্চগড়।	সদস্য

২। উপরোক্তিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মনিবা পারভীন, স্বামী-আজিজার রহমান, উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১০-১০-২০১৯ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শনো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরা সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৯৫.১৮-১৪৪—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, রাজ্যামাটি এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা রাজ্যামাটি জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রমিক নং	নাম ও ঠিকানা	পদবি
০১	জনাব ফিরোজা বেগম (চিনু), স্বামী-শাহ আনোয়ার, ভেদভেদী, মুসলিম পাড়া, থানা- কোতয়ালী, রাজ্যামাটি পার্বত্য জেলা।	চেয়ারম্যান
০২	জনাব মনোয়ারা আক্তার জাহান, স্বামী- মো: জসীম উদ্দিন তালুকদার, মাঝের বাস্তি, তবলছড়ি, থানা- কোতয়ালী, রাজ্যামাটি পার্বত্য জেলা।	সদস্য
০৩	জনাব শীলা রায়, স্বামী- দিলীপ বাহাদুর রায়, মাঝের বাস্তি, তবলছড়ি, থানা- কোতয়ালী, রাজ্যামাটি পার্বত্য জেলা।	সদস্য
০৪	জনাব আরিফা আক্তার লিপি, স্বামী-শাহ ফারুক, মুসলিম পাড়া, ভেদভেদী, থানা- কোতয়ালী, রাজ্যামাটি পার্বত্য জেলা।	সদস্য
০৫	জনাব রিমি চাকমা, স্বামী-তিমির বরন চাকমা, খাদ্য গুদাম এলাকা, তবলছড়ি, থানা- কোতয়ালী, রাজ্যামাটি পার্বত্য জেলা।	সদস্য

২। উপরোক্তিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব ফিরোজা বেগম (চিনু), স্বামী-শাহ আনোয়ার, উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১০-১০-২০১৯ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শনো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরা সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং ৩২.০০.০০০০.০৩৮.০৬.০৯১.১৮-১৪৫—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯ নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা মোতাবেক জেলা প্রশাসক, নওগাঁ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থা নওগাঁ জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো :

ক্রঃ নং	সদস্য শ্রেণি	নাম ও ঠিকানা	পদবি
০১	বিশিষ্ট মহিলা	জনাব শাহনাজ বেগম, স্বামী: মো: আব্দুল মালেক, উকিল পাড়া, নওগাঁ।	চেয়ারম্যান
০২	বিশিষ্ট মহিলা	জনাব মমতাজ বেগম, স্বামী: মৃত- মো: আবুল হোসেন, হোটেল চাটি, নওগাঁ।	সদস্য
০৩	বিশিষ্ট মহিলা	জনাব আফলাতুন মেসা, স্বামী: মৃত তমিজ উদ্দিন, দোগাছী, নওগাঁ।	সদস্য
০৪	সমাজসেবক	জনাব জহুরা ইসলাম, স্বামী: মৃত:-নুরুল ইসলাম, উকিলপাড়া, নওগাঁ।	সদস্য
০৫	শিক্ষিকা	জনাব বেগম আঞ্জুমান আরা, স্বামী: মৃত-সিরাজুল ইসলাম, মাস্টার পাড়া, নওগাঁ।	সদস্য

২। উপরোক্তিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের জনাব শাহনাজ বেগম, স্বামী: মোঃ আব্দুল মালেক, চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১০-১০-২০১৯ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ দর্শনো ব্যতিরেকে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরা সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

দিলীপ কুমার দেবনাথ  
সিনিয়র সহকারী সচিব।

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৩১ আগস্ট ১৪২৬/১৬ অক্টোবর ২০১৯

নং ৩৯.০০.০০০০.০১২.০০২.০৮.১৯-১৯৬—২০১৯-২০২০

অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ নবায়নের প্রাপ্তি আবেদনপত্রসমূহ যাচাই-বাচাই, আবেদনকারীদের মৌখিক পরীক্ষা গ্রহণ এবং মেধা তালিকা প্রণয়নের জন্য নিম্নোক্ত ভোট বিজ্ঞান বিষয়ক কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

১। অধ্যাপক ড. মোঃ সাইফুল ইসলাম

ইনসিটিউট অব ইনফরমেশন এ্যান্ড কমিউনিকেশন  
টেকনোলজি, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। অধ্যাপক ড. পরিমল কাণ্ঠি বিশ্বাস, কৃষিতত্ত্ব বিভাগ,  
শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৩। অধ্যাপক ড. মোঃ ইমদাদুল হক, ডিন, উত্তিদ বিজ্ঞান  
বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

৪। মোঃ রবিউল ইসলাম, যুগ্মসচিব, অধিশাখা-১২,  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৩৯.০০.০০০০.০১২.০০২.০৮.১৯-১৯৭—২০১৯-২০২০

অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের আবেদনপত্র যাচাই-বাচাই, আবেদনকারীদের মৌখিক পরীক্ষা গ্রহণ এবং মেধা তালিকা প্রণয়নের জন্য নিম্নোক্ত খাদ্য ও কৃষি বিজ্ঞান বিষয়ক কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

১। প্রফেসর ড. মোঃ ছোলায়মান আলী ফকির,  
ফসল উত্তিদ বিজ্ঞান বিভাগ, বাংলাদেশ কৃষি  
বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

**সদস্যবৃন্দ**

২। অধ্যাপক ড. মোঃ নজরুল ইসলাম, উদ্যন্ততত্ত্ব বিভাগ,  
শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৩। অধ্যাপক ড. আবু সাদেক মোঃ সেলিম  
এনিম্যাল সায়েন্স এন্ড নিউট্রিশন বিভাগ, বঙ্গবন্ধু শেখ  
মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর।

**সদস্য-সচিব**

৪। মোঃ রবিউল ইসলাম, যুগ্মসচিব, অধিশাখা-১২,  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৩৯.০০.০০০০.০১২.০০২.০৮.১৯-১৯৮—২০১৯-২০২০  
অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের আবেদনপত্র যাচাই-বাচাই, আবেদনকারীদের মৌখিক পরীক্ষা গ্রহণ এবং মেধা তালিকা প্রণয়নের জন্য নিম্নোক্ত ভোট বিজ্ঞান বিষয়ক কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

১। অধ্যাপক ড: মোঃ আবুল কাশেম মিয়া,  
কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ,  
বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। অধ্যাপক ড. ফরিদ আহমেদ, পদার্থ বিজ্ঞান বিভাগ,  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।

৩। অধ্যাপক ড. মোহাম্মদ মিজানুর রহমান, ফলিত রসায়ন ও  
কেমিকোশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

৪। মোঃ রবিউল ইসলাম, যুগ্মসচিব, অধিশাখা-১২,  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৩৯.০০.০০০০.০১২.০০২.০৮.১৯-১৯৯—২০১৯-২০২০  
অর্থ বছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপের আবেদনপত্র যাচাই-বাচাই, আবেদনকারীদের মৌখিক পরীক্ষা গ্রহণ এবং মেধা তালিকা প্রণয়নের জন্য নিম্নোক্ত জীব বিজ্ঞান ও চিকিৎসা বিজ্ঞান বিষয়ক কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

১। অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা রহমান, অনুজীব বিজ্ঞান  
বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২। অধ্যাপক ডা. সৈয়দ মোজাফফর আহমেদ, ফিজিক্যাল  
মেডিসিন এন্ড রিহাবিলিটেশন বিভাগ, বঙ্গবন্ধু শেখ  
মুজিবুর রহমান মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।

৩। অধ্যাপক ড. মোঃ গোলাম মোস্তফা,  
মৎস্য বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

৪। মোঃ রবিউল ইসলাম, যুগ্মসচিব, অধিশাখা-১২,  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

মোঃ রবিউল ইসলাম  
যুগ্মসচিব।

সমাজকল্যাণ মন্ত্রণালয়  
এনডিডি ও অটিজিম শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ আগস্ট ১৪২৬/০৯ অক্টোবর ২০১৯

নং ৪১.০০.০০০০.০৩৪.০৮.০০১.১৮-২২৪—“বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল আইন, ২০১৮” এর ৫(১) উপধারার (গ), (ধ), (ব), (ম) ও (য) বিধানমতে নিম্নবর্ণিত প্রতিনিধিদের বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল এর সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করা হলো এবং বর্ণিত আইনের ৫(২) উপধারার বিধানমতে মনোনীত সদস্যগণ কাউন্সিলে তাদের মনোনয়নের তারিখ হতে ০৩ (তিনি) বছর এর জন্য দায়িত্ব পালন করবেন। তবে, সরকার এক্ষেত্রে সময়সীমা পরিবর্তন করতে পারবেন।

(গ) পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের সংশ্লিষ্ট অনুষদের ডিনগণ হতে অনধিক ৩ (তিনি) জন ডিন :

ক্রমিক	নাম	পদবি
১.	অধ্যাপক ড. মোঃ ইমদাদুল হক	ডিন, জীববিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২.	অধ্যাপক ড. রাশেদা আক্তার	ডিন, সামাজিক বিজ্ঞান অনুষদ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
৩.	ড. মোঃ জাফিবুল ইসলাম	ডিন, হেলথ সায়েন্স অনুষদ, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

(ধ) অধ্যাপক পদর্থাদার একজন বিশেষজ্ঞ চিকিৎসক, যিনি রিহ্যাবিলিটেশন সেবা সংশ্লিষ্ট কর্মকাণ্ডে ন্যূনতম ১৫ (পনেরো) বৎসর যাবৎ সম্পূর্ণ :

ক্রমিক	নাম	পদবি
১.	অধ্যাপক ড. প্রাণগোপাল দত্ত	প্রাক্তন উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)

(ব) প্রতিবন্ধী ব্যক্তির রিহ্যাবিলিটেশনে সক্রিয়তা বে কর্মরত ১ (এক) জন ব্যক্তি :

ক্রমিক	নাম	পদবি
১.	ডাঃ মোঃ মহিউদ্দিন	ফিজিওথেরাপিস্ট, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)

(ম) প্রথম তপশিলের (১), (২) ও (৩) সংশ্লিষ্ট পেশাজীবী সংগঠনসমূহের প্রতিটি হতে সর্বমোট পাঁচজন প্রতিনিধি :

ক্রমিক	নাম	পদবি
১.	ডাঃ মোঃ শাহাদৎ হোসেন পিটি	সাধারণ সম্পাদক, বাংলাদেশ ফিজিওথেরাপি এসোসিয়েশন (বিপিএ)
২.	জনাব শামীম আহমদ	কার্যকরী সদস্য, অকুপেশনাল থেরাপি এসোসিয়েশন (ওটিএ)
৩.	জনাব ফিদা আল শামস	Society of Speech & Language Therapists (SSLT)
৪.	অধ্যাপক ড. মুহাম্মদ মাহমুদুর রহমান	অধ্যাপক, ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগ এবং সভাপতি, বাংলাদেশ মনোবিজ্ঞান সমিতি (বিপিএ)
৫	অধ্যাপক ড. মেহজাবীন হক	চেয়ারম্যান, এডুকেশনাল এন্ড কাউন্সিলিং সাইকোলজি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং কোষাধ্যক্ষ, বাংলাদেশ এডুকেশনাল এন্ড কাউন্সিলিং সাইকোলজি সোসাইটি (বিইসিপিএস)

(য) সেবা গ্রহণকারীদের মধ্য হইতে ১ জন প্রতিনিধি :

ক্রমিক	নাম	পদবি
১.	জনাব এ. এইচ. এম. নোমান খান	নির্বাহী পরিচালক, সেন্টার ফর ডিজিএভিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি), সাভার, ঢাকা

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপাতির আদেশক্রমে

শবনম মুস্তারী রিভা  
উপসচিব।

**বাণিজ্য মন্ত্রণালয়  
প্রশাসন-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ আক্ষিন ১৪২৬/২৫ সেপ্টেম্বর ২০১৯

নং ২৬.০০.০০০০.০৯০.১৯.০১০.১৭-৩৩৮—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩৩.১৫.০০১. ১৭.২৩৭ নম্বর স্মারক মূলে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন ‘রঞ্জনি উন্নয়ন ব্যৱসা’ এর ভাইস চেয়ারম্যান এর পদকে নিম্নবর্ণিত শর্তে ছেড়ে-১ এ উন্মুক্ত করা হলো :

- (ক) সংশ্লিষ্ট নিয়োগবিধি/প্রবিধানমালায় প্রয়োজনীয় সংশোধনী আনতে হবে। সংশ্লিষ্ট নিয়োগবিধি/প্রবিধানমালায় প্রয়োজনীয় সংশোধন না করা পর্যন্ত সরকার উক্ত কর্মকর্তাদের বর্ণিত পদে পদায়ন করতে পারবে;
- (খ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৩ নং অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত ক্ষেত্রে প্রাপ্তির জন্য প্রযোজ্য চাকরির মেয়াদ পূর্ণ করতে হবে; এবং
- (গ) এ সংক্রান্ত অন্যান্য বিধিগত সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং প্রজ্ঞাপন জারির তারিখ থেকে পদ উন্মুক্তকরণ কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোহাম্মদ জালাল উদ্দিন  
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ আক্ষিন ১৪২৬/০৩ অক্টোবর ২০১৯

নং ২৬.০০.০০০০.০৯০.১৯.০১০.১৭-৩৫০—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩৩.১৫.০০১. ১৭.২৩৭ নম্বর স্মারকে মূলে বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন ‘রঞ্জনি উন্নয়ন ব্যৱসা’ এর ভাইস চেয়ারম্যান এর পদকে নিম্নবর্ণিত শর্তে ছেড়ে-১ এ উন্মুক্ত করা হলো :

- (ক) সংশ্লিষ্ট নিয়োগবিধি/প্রবিধানমালায় প্রয়োজনীয় সংশোধনী আনতে হবে। সংশ্লিষ্ট নিয়োগবিধি/প্রবিধানমালায় প্রয়োজনীয় সংশোধন না করা পর্যন্ত সরকার উক্ত কর্মকর্তাদের বর্ণিত পদে পদায়ন করতে পারবে;
- (খ) চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর ১৩ নং অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত ক্ষেত্রে প্রাপ্তির জন্য প্রযোজ্য চাকরির মেয়াদ পূর্ণ করতে হবে; এবং
- (গ) এ সংক্রান্ত অন্যান্য বিধিগত সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করতে হবে;
- (ঘ) এ আদেশ প্রজ্ঞাপন জারির তারিখ থেকে কার্যকর হবে।

মোহাম্মদ ইকবাল হোসেন  
উপসচিব।

**পানি সম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-০১ শাখা**

**আদেশ**

তারিখ : ১৮ আক্ষিন ১৪২৬/০৩ অক্টোবর ২০১৯

নং ৪২.০০.০০০০.০৩১.১৫.০৫০.১৬-৬৩৭—পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এর জন্য অর্থ বিভাগের শর্ত পালনপূর্বক নিম্নবর্ণিত ২৩টি অস্থায়ী পদের মেয়াদ ০১-০৬-২০১৯ হতে ৩১-০৫-২০২০ তারিখ পর্যন্ত সংরক্ষণের সরকারি মণ্ডুরী জ্ঞাপন করা হলো।

ক্রমিক নং	পদ নাম	পদ সংখ্যা
১.	মহাপরিচালক	০১ টি
২.	পরিচালক (প্রশাসন ও অর্থ)	০১ টি
৩.	উপপরিচালক (কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের জন্য)	০২ টি
৪.	সহকারী প্রোগ্রামার (ভূমি ও পরিবেশ)	০১ টি
৫.	সহকারী পরিচালক (কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের জন্য)	০২ টি
৬.	মাঠ কর্মকর্তা	০৪ টি
৭.	হিসাব সহকারী	০১ টি
৮.	হিসাব সহকারী	০২ টি
৯.	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৩ টি
১০.	ব্যক্তিগত সহকারী	০৩ টি
১১.	ডাটা এন্ট্রি অপারেটর	০৩ টি
	মোট =	২৩ টি

২। উপর্যুক্ত অস্থায়ী পদের বেতন ও ভাতাদিসহ আনুষঙ্গিক ব্যয় ২০১৯-২০২০ অর্থ বছরে সার্থিবিধানিক কোড নং-৩, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় ইউনিট-৩২৮৩ প্রাতিষ্ঠানিক কোড-৪৭৩১, অর্থনৈতিক কোড-৪৫০১, ৪৬০১ (সাধারণ মঞ্জুরী) ও অন্যান্য মঞ্জুরী বেতন বাবদ সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ থেকে এ ব্যয় মিটাবো হবে।

৩। এ আদেশ জারিতে সকল আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

এম. শান-ই-আলম মিষ্টি  
সিনিয়র সহকারী সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
জননিরাপত্তা বিভাগ  
আইন-২ শাখা  
প্রজাপনসমূহ**

তারিখ : ০১ কার্তিক ১৪২৬/১৭ অক্টোবর ২০১৯

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৮.০১৩.১৯-৮৪৯—চট্টগ্রাম জেলার পটিয়া থানার মামলা নং-৩২, তারিখ : ২৫-১২-১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাণ্ত জন্মকৃত আলামত পরীক্ষাতে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা ভাতুর ও অগ্নিসংযোগ করে ক্ষতি সাধন ও হত্যার উদ্দেশ্যে বোমা বিস্ফোরণ ঘটিয়ে জনমনে ত্রাস সৃষ্টি করে সন্ত্রাসী কার্যক্রম সংঘটনের অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২} ও {সংশোধনী, ২০১৩} } এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৮.০১৩.১৯-৮৫০—চট্টগ্রাম জেলার পটিয়া থানার মামলা নং-২৭, তারিখ : ২১-১২-১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাণ্ত জন্মকৃত আলামত পরীক্ষাতে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা অগ্নিসংযোগ করে ক্ষতি সাধন ও হত্যার উদ্দেশ্যে বোমা বিস্ফোরণ ঘটিয়ে জনমনে ত্রাস সৃষ্টি করে সন্ত্রাসী কার্যক্রম সংঘটনের অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২} ও {সংশোধনী, ২০১৩} } এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৮.০১৩.১৯-৮৫১—চট্টগ্রাম জেলার পটিয়া থানার মামলা নং-৩৪, তারিখ : ২৭-১২-১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাণ্ত জন্মকৃত আলামত পরীক্ষাতে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা ভাতুর ও অগ্নিসংযোগ করে ক্ষতি সাধন ও হত্যার উদ্দেশ্যে বোমা বিস্ফোরণ ঘটিয়ে জনমনে ত্রাস সৃষ্টি করে সন্ত্রাসী কার্যক্রম সংঘটনের অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২} ও {সংশোধনী, ২০১৩} } এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৮.০১৩.১৯-৮৫২—চট্টগ্রাম জেলার পটিয়া থানার মামলা নং-১৯, তারিখ : ১৬-১২-১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাণ্ত জন্মকৃত আলামত পরীক্ষাতে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা হত্যার উদ্দেশ্যে গুরুতর জখম ও মোটর সাইকেলে আগুন জালিয়ে দিয়ে সন্ত্রাসী কার্যকলাপ করার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২} ও {সংশোধনী, ২০১৩} } এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ : ৩১ আশ্বিন ১৪২৬/১৬ অক্টোবর ২০১৯

নং ৪৪.০০.০০০০.০৫৬.০৮.০১২.১৯-৮৫৫—তাজহাট (আরপিএমপি) থানার মামলা নং-২, তারিখ : ১৬-০৯-১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাণ্ত জন্মকৃত আলামত পরীক্ষাতে ও পুলিশী তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে যে, আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২} ও {সংশোধনী, ২০১৩} }-এর ৬(২)(সৈ)/৮/৯/১৩ ধারার অপরাধে জড়িত।

২। তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২} ও {সংশোধনী, ২০১৩} } এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ শরীফুল আলম তানভীর  
সিনিয়র সহকারী সচিব।

শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
(সরকারি মাধ্যমিক-৩)

প্রজ্ঞাপন

তারিখ : ৩ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ/১৮ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭১.১৫.০০১.১৭-১১৫৩**—শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের গত ২১-০৫-২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৮.০০২.১৭(অংশ-২)-৬০৪ স্মারকের ক্রমিক নং-১৯ এ “রাজের গোপালগঞ্জ কে জে এস পাইলট মডেল ইনসিটিউশন” রাজের, মাদারীপুরকে সরকারি করা হয়। বর্ণিত বিদ্যালয়টির নাম সংশোধন করে “রাজের গোপালগঞ্জ কেজেএস পাইলট মডেল ইনসিটিউশন ও কলেজ” রাজের মাদারীপুর নামে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ আলমগীর হোসেন  
সিনিয়র সহকারী সচিব।

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ শাখা-১**

প্রজ্ঞাপন

তারিখ : ৯ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ/২৪ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**নং ২২.০০.০০০০.০৭৫.৩২.০০২.১৮(অংশ-৩)-৮১০**—ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯) এর ধারা ৫(৩ক) এ প্রদত্ত ক্ষমতাবলে মাটির ব্যবহার পর্যায়ক্রমে হাস করিবার উদ্দেশ্যে সকল সরকারি নির্মাণ, মেরামত ও সংস্কার কাজে ভবনের দেয়াল ও সীমানা প্রাচীর, হেরিং বোন বড় রাস্তা এবং গ্রাম সড়ক টাইপ- ‘বি’ এর ক্ষেত্রে ইটের বিকল্প হিসাবে উক্ত আইনের ২(নন) উপধারায় সংজ্ঞায়িত ব্লক ব্যবহারে নিম্নরূপ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্লক ব্যবহার বাধ্যতামূলক করা হইলঃ

অর্থবছর	ব্লক ব্যবহারের লক্ষ্যমাত্রা
২০১৯-২০২০	১০%
২০২০-২০২১	২০%
২০২১-২০২২	৩০%
২০২২-২০২৩	৬০%
২০২৩-২০২৪	৮০%
২০২৪-২০২৫	১০০%

তবে সড়ক ও মহাসড়কের বেইজ ও সাব-বেইজ নির্মাণ, মেরামত ও সংস্কারে এ নির্দেশনা প্রযোজ্য হইবে না।

০২। উল্লিখিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা বাস্তবায়নের কোনরূপ ব্যত্যয় বা ব্যর্থতার ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল্লাহ আল মোহসীন চৌধুরী  
সচিব।